## পরীক্ষার ব্যাপারে আমার বাচ্চা কি কোন অতিরিক্ত সাহায্য পাবে?

যেসব বাচ্চার নির্দ্দিষ্ট শিক্ষাগত সমস্যা রয়েছে, তাদের হয়ত পরীক্ষার সময় কিছু অতিরিক্ত সুবিধা প্রাপ্য হতে পারে, যেমন কী স্টেইজ টেস্ট (SATs), অথবা জিসিএস্ই এ (GCSE) / এ লেভেল কোর্সের জন্য।

আপনার বাচ্চার প্রয়োজনের ওপর ভিত্তি করে, সাধারণতঃ এটা অতিরিক্ত সময়, অথবা প্রশ্নগুলি পড়তে বা উত্তর লেখায় সাহায্য দেওয়া হয়ে থাকে। এই ধরনের সাহায্যগুলিকে এ্যাক্সেস এ্যারেঞ্জমেন্ট বলা হয়।

এ্যাক্সেস এ্যারেঞ্জমেন্টগুলির জন্য পরীক্ষার আগেই বন্দোবস্ত করতে হবে, কাজেই আপনার বাচ্চার স্পেশাল এডুকেশনাল নীড্স কো-অর্ডিনেটারের সাথে কথা বলে জেনে নেবেন যে তারা কি কি সাহায্য দিতে পারবেন।



## এমন কোন সহায়তার গ্রুপ কি আছে, যেখানে আমি একই রকম পরিস্থিতির অন্যান্য মা ও বাবার সাথে দেখা করতে পারি?

স্কুল এবং লোকাল অথরিটীর সহায়তার গ্রুপগুলির সাথে যোগসূত্র আছে এবং তারা এদের সাথে আপনার যোগাযোগ করিয়ে দিতে পারবে। আপনার বাচ্চার টীচারের কাছে সাহায্য চাইবেন।

যেসব বাবা ও মায়ের বাচ্চার শিক্ষাগত সমস্যা আছে, তাদের সাথে সহায়তা করার জন্য বিভিন্ন যোগাযোগের জাল রয়েছে। আমাদের যোগাযোগ করা সংক্রান্ত তথ্য দেখবেন।



## যোগাযোগ করা সংক্রান্ত তথ্য

ভাল পদ্ধতির সম্বন্ধে তথ্য এবং ডিস্লেক্সিয়া সম্পন্ন বাচ্চা ও অল্পবয়সী ছেলেমেয়েদের সাথে সহায়তা করার জন্য:

The Dyslexia-SpLD Trust (দা ডিস্লেক্সিয়া-এস্পিএল্ডি ট্রাস্ট)
01344 381 564 (০১৩৪৪ ৩৮১ ৫৬৪) অথবা

www.interventionsforliteracy.org.uk
www.thedyslexia-spldtrust.org.uk

Helen Arkell Dyslexia Centre (হেলেন আর্কেল ডিস্লেক্সিয়া সেন্টার)
01252 792 400 (০১২৫২ ৭৯২ ৪০০) অথবা enquiries@arkellcentre.org.uk
www.arkellcentre.org.uk

স্থানীয় সহায়তার গ্রুপ এবং পরামর্শের জন্য:

British Dyslexia Association (ব্রিটিশ ডিস্লেক্সিয়া এ্যাসোসিয়েশন)
সাহায্যের লাইন 0845 251 9002 (০৮৪৫ ২৫১ ৯০০২) অথবা
helpline@bdadyslexia.org.uk
www.bdadyslexia.org.uk

এবং

Dyslexia Action (ডিস্লেক্সিয়া এ্যাকশন)
01784 222 300 (০১৭৮৪ ২২২ ৩০০) অথবা info@dyslexiaaction.org.uk
www.dyslexiaaction.org.uk



The Dyslexia-SpLD Trust

# ডিস্লেক্সিয়া সম্বন্ধে প্রশ্ন?



## ডিস্‌লেক্সিয়া কাকে বলে?

ডিস্‌লেক্সিয়ার কথা এখন ভাল ভাবে জানা আছে, কিন্তু যাদের এটা আছে, তাদের কাছে তবুও এটাকে বিহ্বলকারী ও বিভ্রান্তিকর বলে মনে হতে পারে।

পড়ার ও বানান করার দক্ষতা শেখার ওপর প্রধানতঃ ডিস্‌লেক্সিয়ার প্রভাব পড়ে। যেসব বাচ্চাদের ডিস্‌লেক্সিয়া আছে, তাদের পক্ষে শব্দগুলি উচ্চারণ করার জন্য ধ্বনি ব্যবহার করা কঠিন হয়; শব্দের ধ্বনিগুলি ভেঙ্গে বলতে তাদের অসুবিধা হয় এবং অনেক সময়ই, নির্দেশাবলীর মত মৌখিক তথ্য মনে রাখা তাদের পক্ষে কঠিন হয়।

তাছাড়াও, যেসব বাচ্চার ডিস্‌লেক্সিয়া আছে, তাদের মধ্যে অনেকেরই সমন্বয় বা সংখ্যার কাজ বা সংগঠন ও মনোযোগ দেওয়ার সমস্যা আছে। এই সমস্যাগুলি ডিস্‌লেক্সিয়ার অঙ্গ নয়, কিন্তু এগুলি থাকায় ডিস্‌লেক্সিয়া সামলানোর ব্যাপারটি আরও কঠিন হয়ে দাঁড়ায়।

ডিস্‌লেক্সিয়া  হচ্ছে একটি নির্দ্দিষ্ট শিক্ষাগত সমস্যা, যেটা সবচেয়ে বেশী দেখা যায় এবং জনসংখ্যার শতকরা ১০%-এর এটা গুরুত্বপূর্ণ মাত্রায় আছে। অপেক্ষাকৃত কম ডিস্‌লেক্সিয়া রয়েছে এরকম অনেক লোকই, খুব কম মাত্রায় অতিরিক্ত সাহায্য পাওয়া সত্ত্বেও, স্কুলে সফল হয়েছে। যাদের সবচেয়ে বেশী গুরুতর সমস্যা রয়েছে, তাদের স্কুলে ও কর্মজীবনে সহায়তা পেয়ে যাওয়ার দরকার হবে।



## আমার বাচ্চা ডিস্‌লেক্সিক কিনা তা আমি কি ভাবে বুঝতে পারব?

অনেক সময়ই ডিস্‌লেক্সিয়ার প্রথম লক্ষণগুলি যা দেখা যায় তা হল পড়তে, লিখতে ও বানান করতে শেখার সমস্যা। কিন্তু কানে কম শুনতে পেলে বা চোখে কম দেখতে পেলে অথবা শেখানোর ধরনের জন্যও এই সমস্যাগুলি হতে পারে। এই অন্যান্য জিনিষগুলি যদি বাদ দেওয়া যায় এবং এই অসুবিধাগুলি থেকেই যায়, তাহলে এই পড়তে, লিখতে ও বানান করতে শেখার অসুবিধাগুলির কারণ ডিস্‌লেক্সিয়া হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশী।

সাধারণতঃ একই পরিবারের মধ্যে ডিস্‌লেক্সিয়া হতে থাকে; যদি কোন খারাপ বানান করা বা পড়তে শেখার অসুবিধার ইতিহাস  থেকে থাকে, তাহলে আপনার বাচ্চার যে অসুবিধাগুলির অভিজ্ঞতা হচ্ছে, তা সম্ভবতঃ ডিস্‌লেক্সিয়া সংশ্লিষ্ট।

প্রথম দিকেই ডিস্‌লেক্সিয়ার কিছু লক্ষণ থাকে, যেগুলি আগেই এটা বুঝিয়ে দেয়, এমনকি স্কুলে রীতিগত ভাবে পড়তে শেখানো শুরু করার আগেই। এর মধ্যে যা আছে তা হল: কবিতার ধারণা বুঝতে না পারা; জিনিষের নাম গুলিয়ে ফেলা; বর্ণমালার অক্ষরগুলির ধ্বনি (বা নাম) শিখতে অসুবিধা হওয়া।

পরে স্কুলে, যে লক্ষণগুলির ওপর লক্ষ্য রাখতে হবে তার মধ্যে আছে, নির্দেশ মনে রাখার সমস্যা এবং সাধারণ ভাবে রোজকার জীবনে ভুলো মন বলে মনে হওয়া; জিনিষ বা লোকের সঠিক নাম মনে রাখায় অসুবিধা; লম্বা শব্দগুলি উচ্চারণ করায় অনিশ্চয়তা এবং শব্দগুলিকে ছোট ছোট ধ্বনিতে ভাগ করায় অসুবিধা।



## আমার বাচ্চাকে আমার ডিস্‌লেক্সিক বলে মনে হলে আমি কি করব?

প্রথম যেটা করতে হবে সেটা হচ্ছে আপনার বাচ্চার টীচারের সাথে কথা বলা। আজকালকার প্রাইমারী স্কুলে, প্রথম দিকে সকলকে যে ভাবে পড়তে শেখানো হয়, তা ডিস্‌লেক্সিয়া থাকা বাচ্চাদের জন্যও উপযুক্ত।  তবে, উদ্বেগ থাকলে টীচাররা এটা উপযোগী করতে এবং এর সাথে সংযোজন করতে পারবেন – আপনি হয়ত দেখবেন যে ইতিমধ্যেই তারা এটা করছে। তাছাড়াও, যেসব বাচ্চা পিছিয়ে পড়ে, তাদের জন্য স্কুলগুলি অতিরিক্ত কার্যক্রম পেতে পারে।

আপনার বাচ্চার সম্বন্ধে তবুও যদি আপনার চিন্তা থাকে, অথবা আপনার বাচ্চার যদি অগ্রগতি না হয়, তাহলে এ্যাসেস্‌মেন্ট সমেত আরও যা যা পাওয়া যায় সেগুলির বিষয়ে আলোচনা করার উদ্দেশ্যে, স্পেশাল এডুকেশনাল নীড্‌স কো-অর্ডিনেটারের (SENCO-এর)সাথে অথবা স্কুলের হেড-এর সাথে একটা মীটিংয়ের বন্দোবস্ত করবেন।

## আমার বাচ্চা কি পড়া, লেখা এবং বানান করা শিখতে পারবে?

সঠিক সাহায্য পেলে, যেসব বাচ্চার ডিস্‌লেক্সিয়া আছে তারাও সাধারণতঃ পড়তে, লিখতে এবং বানান করতে পারে; যদিও এটা করতে তাদের অপেক্ষাকৃত বেশী সময় লাগে।

স্মার্ট ফোন, ল্যাপ্‌টপ, এবং ট্যাব্‌লেট কম্‌পিউটারের মত সাহায্যকারী প্রযুক্তি, ডিস্‌লেক্সিয়া সমেত অনেক বাচ্চাকেই কার্যকরী ভাবে কথাবার্তা বলতে সাহায্য করেছে।

## আমার বাচ্চা ডিস্‌লেক্সিক কিনা তা আমি কি ভাবে জানতে পারব?

অগ্রগতির ওপর নজর রাখার জন্য এবং ডিস্‌লেক্সিয়ার প্রথম দিকের লক্ষণগুলি শনাক্ত করার জন্য, স্কুলগুলি এখন চট্‌পট্‌ ও সহজ পরীক্ষা করে। যদি ডিস্‌লেক্সিয়ার দিকে ইঙ্গিত করার মত কোন লক্ষণ থাকে এবং ভাল অগ্রগতি না হয়ে থাকে, তাহলে স্কুলের একজন বিশেষজ্ঞ টীচার অথবা এডুকেশনাল সাইকোলজিস্ট একটা এ্যাসেস্‌মেন্ট করতে পারেন।

এই এ্যাসেস্‌মেন্টে আপনার বাচ্চার শক্তি ও দুর্বলতাগুলি বলে দেওয়া হবে এবং তার সাথে সুপারিশও করা হবে।

